# স্নাতকোত্তর পাঠক্রম

## শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ২০০৬ পার্ট -১

## বাংলা

### প্রথম পত্র

সময় ঃ চার ঘণ্টা — পূর্ণমান ঃ ১০০

(মানের গুরুত্ব ঃ ৮০%)

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

**'ক' গুচ্ছ**

১। ২৫০ থেকে ৩০০ শব্দের মধ্যে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন। ১৮×২=৩৬

(ক) বাংলা সাহিত্য সৃষ্টির পূর্বে সংস্কৃত প্রাকৃত ও অপভ্রংশ ভাষায় বাঙালি-রচিত সাহিত্যের পরিচয় দিন এবং বাংলা সাহিত্যে সেগুলির গুরুত্ব নির্দেশ করুন।

(খ) রামায়ণ অনুবাদে কৃত্তিবাস কতখানি মূলানুগ ও কতখানি মৌলিক তার পরিচয় দিন।

(গ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের মনস্বিতা ও রসবোধের পরিচয় দিন।

(ঘ) বাংলা সাময়িক পত্রিকার ইতিহাসে 'সবুজপত্র' ও 'ভারতবর্ষ' পত্রিকার গুরুত্ব নির্দেশ করুন।

**'খ' গুচ্ছ**

২। ২০০ থেকে ২৫০ শব্দের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন। ১২×৩=৩৬

(ক) গোবিন্দদাসের কবিপ্রতিভার পরিচয় দিন।

(খ) মধ্যযুগের মঙ্গলকাব্যধারায় ভারতচন্দ্রের স্বাতন্ত্র্য নিরূপণ করুন।





(গ) মহাকাব্য রচনায় মধুসূদনের কৃতিত্ব বিচার করুন।

(ঘ) দীনবন্ধু মিত্রের নাটক ও প্রহসনগুলির পরিচয় দিন।

(ঙ) রবীন্দ্রনাথের শিলাইদহ পর্বের ছোটগল্পগুলির বৈশিষ্ট্য নির্দেশ করুন।

(চ) জীবনানন্দ দাশের কবিতায় তাঁর মন ও মেজাজের যে স্বাতন্ত্র্য লক্ষ করা যায় সে বিষয়ে আলোচনা করুন।

**'গ' গুচ্ছ**

৩। ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে যে-কোনো **চারটি** বিষয়ে আলোচনা করুন। ৭×৪=২৮

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রাধা চরিত্র ;

(খ) সৈয়দ আলাওল;

(গ) অশ্রুমতী ;

(ঘ) কবি মোহিতলাল ;

(ঙ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ছোটগল্প ;

(চ) প্রাবন্ধিক কাজী আবদুল ওদুদ ;

(ছ) কারাগার ;

(জ) 'কল্লোল' পত্রিকা।